যুগান্তর

তারিখ 22 SEP 2002
পৃষ্ঠা ৩ কলাম ২

# শিক্ষা ব্যবস্থার জাতীয়করণ দাবিতে রাজধানীতে সমাবেশ

## ১০ দিনের আলটিমেটাম

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষা ব্যবস্থার জাতীয়করণসহ ২১ দফা দাবিতে সরকারকে ১০ দিনের আলটিমেটাম দেয়া হয়েছে। বৃহস্পতিবার ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের মহাসমাবেশ থেকে এই আলটিমেটাম দেয়া হয়। ৩০ সেপ্টেম্বরের মধ্যে দাবিগুলো মেনে না নিলে সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে অবিরাম কর্মবিরতি পালন করা হবে। সরকারপন্থী শিক্ষক সংগঠন 'বাংলাদেশ শিক্ষক সমিতি'র (কামরুজ্জামান) ডাকে এই মহাসমাবেশে দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসার শত শত শিক্ষক ও কর্মচারী যোগদান করেন। সম্প্রতি সরকারপন্থী শিক্ষক সংগঠনগুলো ভাগ-বাটোয়ারার দ্বন্দ্বে বিভক্ত হয়ে যায়। বর্তমানে মোট তিনটি ধারা রয়েছে। এর একটি গ্রুপ শুক্রবারী ওই শিক্ষক সংগঠন বাংলাদেশ শিক্ষক সমিতি। মূলত সরকারের [illegible] পরিষদ ও শিক্ষক-কর্মচারী ঐক্য ফ্রন্টের একাধিক সংগঠন শহীদ মিনারের ওই মহাসমাবেশে যোগদান করে। যে কারণে সমাবেশ পুরো শহীদ মিনারের ক্যাম্পাস ছাপিয়ে রাস্তায় গিয়ে পৌঁছে। সমিতির সভাপতি অধ্যক্ষ এমএ আউয়াল সিদ্দিকীর সভাপতিত্বে সমাবেশে সাধারণ সম্পাদক বিনকিন জামান (?), অধ্যক্ষ সনজেন্দ্রনাথ রায় সমর, আফজাল মিয়া, আবদুল মালেক, অধ্যক্ষ শামসুন্নাহার ফেরদৌস, আবদুল রহিম (?), শামসুল হুদা প্রামাণিক, হালিমা খাতুন, সুনীলচন্দ্র পাল, হাসিনা পারভীন, হারুন অর রশীদ, শাহনেওয়াজ চন্দন, শাহে আলম, জহীরউদ্দিন, অধ্যক্ষ নজরুল ইসলাম, মফিজউদ্দিন, অধ্যক্ষ ফজলুল হক খান, মনি হাওলাদার প্রমুখ বক্তৃতা করেন।

শিক্ষক নেতারা বলেন, সরকার শিক্ষকদের কোচিং বন্ধ করে দিয়েছে। এ বিধিনিষেধ অনতিবিলম্বে প্রত্যাহার করতে হবে। তারা সরকারি প্রতিষ্ঠানের মতো বেসরকারি শিক্ষক-কর্মচারীদেরও বেতন-ভাতা প্রদান, নিয়মিত মাসিক প্রবৃদ্ধি, মেডিকেল ভাতা, বাড়ি ভাড়া, উৎসব ভাতা, টাইম স্কেল ইত্যাদি প্রদান, সরকারি বিধি মোতাবেক বাড়ি ভাড়া, উচ্চতর স্কেল, মুক্তিযোদ্ধা শিক্ষক-কর্মচারীদের চাকরির বয়স দু'বছর বৃদ্ধি, শিক্ষকদের চাকরির বয়স ৬৫ বছরে উন্নীত করা, বেসরকারি কলেজে সহকারী অধ্যাপক পদে পদোন্নতিতে অনুপাত প্রথা বাতিলের দাবি জানান।

**মানববন্ধন :** বাংলাদেশ শিক্ষক সমিতি (লক্ষ্মীবাজার গ্রুপ) নামে আরেকটি সংগঠন জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করে।